

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪ ১৬৫

কুমারঘাট, ১২ ডিসেম্বর, ২০২৩

উনকোটি জেলাভিত্তিক ভারতীয় ভাষা দিবস

কুমারঘাটের মানসী মিলনায়তনে গতকাল উদযাপিত হয়েছে উনকোটি জেলাভিত্তিক ভারতীয় ভাষা দিবস-২০২৩। প্রখ্যাত তামিল কবি সুব্রামণিয়াম ভারতীর জনপ্রিয় উপলক্ষে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। উনকোটি জেলা শিক্ষা কার্যালয়ের উদ্যোগে আয়োজিত জেলাভিত্তিক ভারতীয় ভাষা দিবসের অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস। তিনি বলেন, বৈচিত্রের মধ্যে ঐক্যের ভাবতে বিভিন্ন ভাষাভাষির মানুষ রয়েছেন। সব ভাষাকে সম্মান ও মর্যাদা দিতে ভারত সরকার ভারতীয় ভাষা দিবস উদযাপনের উদ্যোগ নিয়েছে। পাশাপাশি সব ভাষার উন্নয়নেও কেন্দ্রীয় সরকার গুরুত্ব দিয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস। স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা আধিকারিক প্রশাস্ত কিলিকদার। উপস্থিত ছিলেন পাবিয়াছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক সুরত পাল ও কুমারঘাট বিদ্যালয় পরিদর্শক বিরলা কলাই সিং। অনুষ্ঠানের উত্তীয় পর্যায়ে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ বাঁলা, কক্ষবরক, চাকমা, মনিপুরী ভাষায় সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে। উদ্বোধনী অনুষ্ঠানের পূর্বে অতিথিগণ সহ শিক্ষক ও ছাত্রছাত্রীরা মানসী মিলনায়তনের প্রবেশ পথে একটি বোর্ডে মাতৃভাষায় স্বাক্ষর করেন।
